কৃষিই সমৃদ্ধি


# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

উদ্যান উন্নয়ন বিভাগ
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
ফোন-৯৫৫৬৯৪২
ই মেইল ঃ hortbadc@gmail.com


স্মারক নং-০১২.২৮৩.০০৭.০০.০০.২৩০.২০১২- ২৬০ তারিখ ঃ ২১ সেপ্টেম্বর ২০১৭

বরাবর

১। যুগ্ম-পরিচালক (উদ্যান)
উদ্যান উন্নয়ন কেন্দ্র,
কাশিমপুর/রাজশাহী/পটিয়া/যশোর।

২। উপ-পরিচালক (উদ্যান)
উদ্যান উন্নয়ন কেন্দ্র, কুমিল্লা/টাঙ্গাইল/মুক্তাগাছা/বগুড়া/কুষ্টিয়া।

**বিষয় ঃ ২০১৭-১৮ সালের নারিকেল চারা উৎপাদনের লক্ষ্যে বীজ নারিকেল ক্রয় এবং উৎপাদিত নারিকেল চারার বিক্রয় দর অনুমোদন প্রসঙ্গে।**

উদ্যান উন্নয়ন বিভাগের আওতায় ৯ (নয়) টি, উদ্যান উন্নয়ন কেন্দ্রে ২০১৭-১৮ অর্থ বছরে মানসম্পন্ন নারিকেল চারা উৎপাদনের উদ্দেশ্যে বীজ নারিকেল ক্রয় এবং উৎপাদিত নারিকেল চারার বিক্রয়মূল্য গত ১৯ সেপ্টেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত "মূল্য নির্ধারণ কমিটি"র সভায় অনুমোদিত হয়েছে। উক্ত সভায় কৃষক ও জনসাধারণ পর্যায়ে বিএডিসি'র নারিকেল চারার গুনগতমান এবং গ্রহনযোগ্যতার প্রেক্ষিতে চেয়ারম্যান মহোদয় চলতি বর্ষে উদ্যান উন্নয়ন বিভাগের জন্য ১,৬২,০০০ (এক লক্ষ বাষট্টি হাজার) এবং এগ্রো সার্ভিস বিভাগের জন্য ২,২০,০০০ (দুই লক্ষ বিশ হাজার) সংখ্যক সর্বমোট ৩,৮২,০০০টি বীজ নারিকেল **চুক্তিবদ্ধ চাষীর নিকট হতে** ক্রয়ের নির্দেশনা প্রদান করেন। এ ছাড়াও সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

**সিদ্ধান্তসমূহ ঃ**

১। উদ্যান উন্নয়ন বিভাগ এবং এগ্রো সার্ভিস বিভাগের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী ২০১৭-১৮ বর্ষে উদ্যান উন্নয়ন বিভাগের জন্য ১,৬২,০০০ টি এবং এএসসি কার্যক্রমের জন্য ২,২০,০০০ টি মোট ৩,৮২,০০০ টি বীজ নারিকেল সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলো।

২। ২০১৭-১৮ সালের জন্য প্রতিটি বীজ নারিকেলের ক্রয় মূল্য কেন্দ্রে পৌঁছানো পর্যন্ত লোডিং, আনলোডিং ও পরিবহন খরচসহ ৩২.০০ (বত্রিশ) টাকা এবং উৎপাদিত প্রতিটি নারিকেল চারার বিক্রয়মূল্য ৫৫.০০ (পঞ্চান্ন) টাকা এবং পাহাড়ী এলাকা (লামা ও বান্দারবন, এএসসি) এর জন্য প্রতিটি নারিকেল চারার বিক্রয়মূল্য ৫৪.০০ (চুয়ান্ন) টাকা নির্ধারণ করা হলো।

৩। ২০১৭-১৮ সালের জন্য প্রতিটি নারিকেল চারার উৎপাদন খরচ ৩.৩৪ টাকা (চাষ খরচ ০.০৪/- + সেচ খরচ ০.০৬/- + সার ০.৬০/- + শ্রমিক ব্যয়{বপন, আন্তঃপরিচর্যা ও উত্তোলনসহ}২/- + বালাই নাশক ব্যয় ০.৬৪/-) নির্ধারণ করা হলো।

৪। ২০১৭-১৮ সালের জন্য কঃগ্রোঃ এর মাধ্যমে মানসম্পন্ন বীজ নারিকেল ক্রয় এবং ৭০% বিক্রয়যোগ্য চারা উৎপাদনের লক্ষ্যে নিম্নোক্ত বৈশিষ্ট্যসমূহ কঠোরভাবে প্রতিপালনের সিদ্ধান্ত গ্রহণ করা হলো ঃ

ক) বীজ নারিকেলের পরিধি ১৮"- ২২" (৪৬-৫৬ সেঃ মিঃ) হতে হবে।
খ) নারিকেল এর আকার গোলাকৃতি হতে ডিম্বাকৃতি হতে হবে।
গ) বীজ নারিকেলের ভিতরে পর্যাপ্ত পানি থাকতে হবে।
ঘ) বীজ নারিকেলের সুপরিপক্ক হতে হবে এবং খোসার রং উজ্জ্বল ও মসৃণ হতে হবে।
ঙ) প্রতিটি নারিকেলের সাথে বৃতি (Calyx) সংযুক্ত অবস্থায় থাকতে হবে।
চ) নারিকেল দেখেই যেন বুঝা যায় যে তা গজাবে।
ছ) উৎপাদিত নারিকেল চারার রং সবুজ ও চারা খাড়া হতে হবে।
জ) মানসম্পন্ন বিক্রয়যোগ্য চারা উৎপাদনের হার ন্যনতম ৭০% হতে হবে।
ঝ) কমিটি কর্তৃক পরীক্ষা করে কোন রকম অপরিপক্ক নারিকেল ক্রয়ের বিষয় দৃষ্টিগোচর হলে সংশ্লিষ্ট কেন্দ্র প্রধান এ জন্য দায়ী থাকবেন।
ঞ) মাঠে প্রত্যেকটি নারিকেলের চারার স্বাভাবিক বৃদ্ধি নিশ্চিত করতে হবে।

JC/Programme
21.9.17

মনিটরিং বিভাগ
গ্রহণকৃত পত্র নং ২৭০
তারিখ ২১/৯/১৭

৫। নির্ধারিত ক্রয়মূল্যে নিম্নে বর্ণিত কমিটির তদারকি ও বীজ নারিকেলের মান সম্পর্কে প্রত্যয়নের ভিত্তিতে বীজ নারিকেল সংগ্রহ লক্ষ্যমাত্রা অনুযায়ী চুক্তিবদ্ধ চাষীর নিকট হতে ক্রয় করতে হবে এবং নিয়মমাফিক বিল, ভাউচার সংরক্ষণ করতে হবে।

**বীজ নারিকেল ক্রয়ের তদারকারী কমিটি'র সদস্যবৃন্দ নিম্নরূপ ঃ**

| | | |
|---|---|---|
| ক) | যুগ্ম-পরিচালক (বীজ বিপণন/সারব্যবস্থাপনা/কঃগ্রোঃ), বিএডিসি | সভাপতি |
| খ) | উপ-পরিচালক (বীজ বিপণন), বিএডিসি | সদস্য |
| গ) | বীজ নারিকেল ক্রয়ের জন্য বিএডিসি'র স্থানীয় পর্যায়ের একজন কর্মকর্তা (উপ-পরিচালক পদমর্যাদার নীচে নয়) | সদস্য |
| ঘ) | সংশ্লিষ্ট উপজেলা কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ঙ) | সংশ্লিষ্ট যুগ্ম/উপ-পরিচালক (উদ্যান/এএসসি),বিএডিসি | সদস্য সচিব |

৬। উদ্যান ও এএসসি'র প্রতিটি খামারে বরাদ্দকৃত বীজ নারিকেল জমিতে বপনের পর অংকুরিত নারিকেল চারা ও অঅংকুরিত বীজ নারিকেল বপনের স্থানে যথারিতি থাকতে হবে, যাতে উর্দ্ধোতন কর্তৃপক্ষ খামার পরিদর্শনকালে গননা করে বরাদ্দকৃত মোট বীজ নারিকেলের সংখ্যার সাথে বপনকৃত বীজ নারিকেলের মোট সংখ্যা সমান দেখতে পায়।

৭। ২০১৭-১৮ সালের বরাদ্দ থেকে ৬,৭০০ (ছয় হাজার সাতশত) টি নারিকেল চারা দিয়ে বিভিন্ন খামারে নারিকেলের মাতৃবাগান তৈরী করতে হবে, যাতে ভবিষ্যতে সেখান থেকে বীজ নারিকেল সংগ্রহ করা যায়।

৮। বিগত বছরের ন্যায় পুনরায় চলতি ২০১৭-১৮ বর্ষে বীজ নারিকেলের অংকুরোদগম ক্ষমতা (Germination Percentage) ও চূড়ান্তভাবে বিক্রয়যোগ্য নারিকেল চারার সংখ্যা নির্ধারণের নিমিত্ত উদ্যান উন্নয়ন বিভাগের ৪টি কেন্দ্রে (কাশিমপুর,পটিয়া, বগুড়া ও কুষ্টিয়া) এবং এগ্রো সার্ভিস বিভাগের ৪টি কেন্দ্রের (নোয়াখালী, পটুয়াখালী, কিশোরগঞ্জ ও রংপুর) প্রতিটিতে সম্পূর্ন আলাদা বেডে ৫০০টি করে বীজ নারিকেল বপনপূর্বক নারিকেল চারা উৎপাদনের ট্রায়াল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

৪ (চার) সদস্য বিশিষ্ট ট্রায়াল কার্যক্রম বাস্তবায়ন কমিটির সদস্যবৃন্দ নিম্নরুপঃ

| | | |
|---|---|---|
| ক) | সংশ্লিষ্ট অঞ্চলের যুগ্ম-পরিচালক (বীজ বিপণন/সার ব্যবস্থাপনা), বিএডিসি | সভাপতি |
| খ) | সংশ্লিষ্ট কৃষি গবেষনা ইনষ্টিটিউটের ১ জন বৈজ্ঞানিক কর্মকর্তা | সদস্য |
| গ) | সংশ্লিষ্ট কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের হর্টিকালচার সেন্টারের উদ্যানতত্ত্ববিদ | সদস্য |
| ঘ) | সংশ্লিষ্ট যুগ্ম/উপ-পরিচালক (উদ্যান/এএসসি) বিএডিসি | সদস্য সচিব |

উদ্যান উন্নয়ন বিভাগের আওতাধীন ৯ টি উদ্যান উন্নয়ন কেন্দ্রে চলতি ২০১৭-১৮ বর্ষে বীজ নারিকেল ক্রয়ের সংখ্যা নিম্নে বর্ণিতভাবে নির্ধারণ করা হলো ঃ

| ক্রমিক নং | কেন্দ্রের নাম | বীজ নারিকেল ক্রয়ের অনুমোদিত সংখ্যা (পরিমাণ) | বীজ ক্রয়ের জন্য প্রয়োজনীয় অর্থ (টাকা) প্রতিটি ৩২/- টাকা হারে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | উদ্যান উন্নয়ন কেন্দ্র, কাশিমপুর | ৪০,০০০ | ১২,৮০,০০০/- |
| ২ | উদ্যান উন্নয়ন কেন্দ্র, রাজশাহী | ৭,০০০ | ২,২৪,০০০/- |
| ৩ | উদ্যান উন্নয়ন কেন্দ্র, পটিয়া, চট্রগ্রাম | ১৫,০০০ | ৪৮,০০০০/- |
| ৪ | উদ্যান উন্নয়ন কেন্দ্র, যশোর | ১০,০০০ | ৩,২০,০০০/- |
| ৫ | উদ্যান উন্নয়ন কেন্দ্র, কুমিল্লা | ১,১০০০ | ৩,৫২,০০০/- |
| ৬ | উদ্যান উন্নয়ন কেন্দ্র, টাঙ্গাইল | ১০,০০০ | ৩,২০,০০০/- |
| ৭ | উদ্যান উন্নয়ন কেন্দ্র, মুক্তাগাছা | ৩০,০০০ | ৯,৬০,০০০/- |
| ৮ | উদ্যান উন্নয়ন কেন্দ্র, বগুড়া | ২৪,০০০ | ৭,৬৮,০০০/- |
| ৯ | উদ্যান উন্নয়ন কেন্দ্র, কুষ্টিয়া | ১৫,০০০ | ৪,৮০,০০০/- |
| মোট | | ১,৬২,০০০ (এক লক্ষ বাষট্টি হাজার টি) | ৫১,৮৪,০০০/- (একান্ন লক্ষ চুরাশি হাজার) টাকা |

(আশুতোষ লাহিড়ী)
মহাব্যবস্থাপক (উদ্যান)
বিএডিসি, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ ২৬০

১। প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা।
২। সদস্য-পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
৪। হিসাব শাখা অত্র দপ্তর।
৫। অফিস কপি।